বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/৭৪

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: জেড ক্যাটাগরিতে অবনমনপ্রাপ্ত কনফিডেন্স সিমেন্ট পিএলসি এর শীর্ষ কর্মকর্তাদের সাথে সভা তলব প্রসঙ্গে।**

সম্প্রতি জেড ক্যাটাগরিতে অবনমনপ্রাপ্ত কনফিডেন্স সিমেন্ট পিএলসি এর শীর্ষ কর্মকর্তাদের সাথে বিএসইসি এর একটি সভা তলব করা হয়েছে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষ হতে কনফিডেন্স সিমেন্ট পিএলসি এর ব্যবস্থাপনা পরিচালক/সিইও, চিফ ফিন্যান্সিয়াল অফিসার ও কোম্পানি সচিবকে উক্ত সভায় উপস্থিত থাকার নির্দেশনা দেওয়া হয়েছে। আগামী ০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ বেলা ১১:০০ টায় রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত সভা অনুষ্ঠিত হবে।

জেড ক্যাটাগরিতে অবনমনপ্রাপ্ত কোম্পানিগুলোর সাথে বসছে বিএসইসি। নির্ধারিত সময়ের মধ্যে লভ্যাংশ বিতরণ জনিত নন-কমপ্লায়েন্স এর কারণে অবনমনপ্রাপ্ত কোম্পানিগুলোর সাথে সভার মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়টির সমাধানে কাজ করছে বিএসইসি।

Rezaul
04-12-2024

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র